

# ঢাকা নিউজ 24

www.dhakanews24.com

## রংপুরকে সিঙ্গাপুর বানিয়ে দিচ্ছে সরকার: কুড়িগ্রামে ভিডিপি পরিচালক

ঢাকা নিউজ ২৪.কম.; প্রকাশিত: সোমবার, ০৭ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ, ০৬:০০ পিএম



আনসার ও ভিডিপি রংপুর রেঞ্জের পরিচালক মোঃ আব্দুস সামাদ

**নিউজ ডেস্ক :** ০৭ আগস্ট (সোমবার) কুড়িগ্রাম জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্রে ২য় ধাপ ২১দিন মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ উদ্বোধনকালে প্রধান অতিথি আনসার ও ভিডিপি রংপুর রেঞ্জের পরিচালক মোঃ আব্দুস সামাদ প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন, “সরকার রংপুরকে সিঙ্গাপুর বানিয়ে দিচ্ছে। রংপুর অঞ্চলের উন্নয়ন কাজকে এতো বেশি তড়াবিত্ত করছে যে, খুবই দ্রুত রংপুর সিঙ্গাপুরে রূপান্তর হচ্ছে। রংপুর বিভাগের ৮টি জেলার খাদ্যশস্য মজুদের জন্য ৬টি বড় সাইলো স্থাপন করা হচ্ছে; কুড়িগ্রামে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন, অর্থনৈতিক জোন ঘোষণা, ভুরুঙ্গামারীর স্থলবন্দরকে আরো উন্নতকরণ, চিলমারীর নৌ স্থলবন্দর আরো উন্নতকরণ; নীলফামারীতে উত্তরা ইপিজেড, সৈয়দপুরে আন্তর্জাতিক বিমানবন্দর; পঞ্চগড়কে পর্যটন এরিয়া তৈরি, তেতুলিয়ায় উন্নত স্থলবন্দর; লালমনিরহাটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় স্থাপন, বিমানবন্দরকে পুনরায় চালু করার পরিকল্পনা, বুড়িমারী স্থলবন্দরকে উন্নত স্থলবন্দরে রূপান্তর করার পরিকল্পনা; গাইবান্ধা হতে জামালপুর ফেরি সার্ভিস চালু পরিকল্পনা করা হচ্ছে, দিনাজপুরের লিচু ও রংপুরের আম বিদেশে রপ্তানি করা হচ্ছে। এসব মেগা প্রকল্পের মাধ্যমে রংপুরকে সিঙ্গাপুর বানিয়ে দিচ্ছে সরকার। তিনি আরো বলেন “ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত ও সকল প্রকার অপরাধ মুক্ত একটি স্মার্ট বাংলাদেশ গড়তে আনসার ও ভিডিপি’র সদস্যদেরকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। এ মহান দায়িত্ব পালনে পুরুষের পাশাপাশি নারীদেরকেও সমানভাবে এগিয়ে আসতে হবে”।

এসময় প্রধান অতিথি উপস্থিত সকলকে সরকারের উন্নয়নকে বেগবান করা এবং উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য কাঁধে কাঁধ রেখে কাজ করার আহবান জানান।

প্যারেড পরিচালনা করেন ভুরুঙ্গামারীর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ আনিছুর রহমান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সদরের উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ মোশাররফ হোসেন, রাজারহাটের উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোছাঃ জেসমিন নাহার।

অনুষ্ঠান সঞ্চালনা করেন কুড়িগ্রাম সদরের উপজেলা প্রশিক্ষক মাসুদুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন কুড়িগ্রাম জেলা আনসার ও ভিডিপি দপ্তরের হিসাবরক্ষক গোলাম মোস্তফা রাঙ্গা, রাজারহাটের উপজেলা প্রশিক্ষক মোঃ জিয়াউর রহমান, ব্যাটালিয়নের পিসি রমজান আলী।

প্রশিক্ষণটি ৬ আগস্ট শুরু হয়। কুড়িগ্রাম জেলার সকল উপজেলা হতে বাছাই কার্যক্রমের মাধ্যমে নির্বাচিত ১০০ জন সদস্য উক্ত প্রশিক্ষণ গ্রহণ করছেন।